# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮১৭

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রেশম ও দীবাজ এর কাপড় ব্যবহার নিষেধ।

بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْحَرِيرِ وَالدِّيبَاجِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ الأَزْرَقُ، حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ، حَدَّثَنِي مَوْلَى، أَسْمَاءَ عَنِ ابْنِ عُمَرَ، قَالَ سَمِعْتُ عُمَرَ، يَذْكُرُ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ لَبِسَ الْحَرِيرَ فِي الدُّنْيَا لَمْ يَلْبَسْهُ فِي الآخِرَةِ " . وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَحُذَيْفَةَ وَأَنَسٍ وَغَيْرِ وَاحِدٍ وَقَدْ ذَكَرْنَاهُ فِي كِتَابِ اللِّبَاسِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ قَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عُمَرَ . وَمَوْلَى أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ اسْمُهُ عَبْدُ اللَّهِ وَيُكْنَى أَبَا عُمَرَ وَقَدْ رَوَى عَنْهُ عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ وَعَمْرُو بْنُ دِينَارٍ .

বাংলা

২৮১৭ আহমদ ইবন মানী (রহঃ) ..... ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ উমর রাদিয়াল্লাহু আনহু-কে আলোচনা করতে শুনেছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দুনিয়ায় রেশম পরিধান করবে আখিরাতে সে তা পরতে পারবে না।

সহীহ, গায়াতুল মারাম ৭৮, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১৭ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আলী, হুযাইফা, আনাস এবং আরো একাধিক সাহাবী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে, যাঁদের কথা পরিচ্ছদ অধ্যায়ে উল্লেখ করে এসেছি। হাদীসটি হাসান-সহীহ। উমর রাদিয়াল্লাহু আনহু থেকে একাধিক সূত্রে এটির রিওয়ায়ত আছে। আসমা বিনতে আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহা-এর আযাদকৃত এই দাসের নাম হল আবদুল্লাহ্‌। উপনাম হল আবূ উমর। তাঁর বরাতে আতা ইবন রাবাহ্‌ এবং আমর ইবন দীনার (রহঃ)-ও হাদিস বর্ণনা করেছেন।

## English

Narrated The freed slave of Asma:
from Ibn 'Umar who said: "I heard 'Umar mentioning that the Prophet (ﷺ) said: 'Whoever wears silk in the world he shall not wear it in the Hereafter.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38169

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন